তারিখ ... 23 JUN 2008
পৃষ্ঠা ৩ কলাম ৫

# রুয়েট ছাত্রলীগের ১৩ নেতাকর্মীর বিরুদ্ধে ছাত্রদলের পাল্টা হামলা

রাবি প্রতিনিধি

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (রুয়েট) ছাত্রলীগ নেতাকর্মীদের ওপর ছাত্রদল ক্যাডারদের হামলা, ভাংচুর ও অগ্নিসংযোগের ঘটনায় ছাত্রদল নেতাকর্মীদের বিরুদ্ধে ছাত্রলীগের দুটি মামলা দায়েরের পর এবার পাল্টা ছাত্রলীগের ১৩ কর্মীর বিরুদ্ধে মামলা করেছে ছাত্রদল।

এদিকে প্রশাসনের মদদে ছাত্রলীগের ওপর হামলা এবং ছাত্রদলকে বিশ্ববিদ্যালয় প্রশাসনের নানা সহযোগিতা করার অভিযোগ অস্বীকার করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। রোববার এক সংবাদ বিজ্ঞপ্তিতে প্রশাসন দাবি করে, শিক্ষার সুষ্ঠু পরিবেশ তৈরির জন্য কর্তৃপক্ষ সব ধরনের চেষ্টা চালিয়ে যাচ্ছে।

সূত্র জানায়, ছাত্রদলের বেনজির আহমেদ (তমাল) বাদী হয়ে মতিহার থানায় ছাত্রলীগের ১৩ নেতাকর্মীর বিরুদ্ধে মামলা করেছে। এ মামলার আসামিরা হল— আরশাদ পারভেজ, ফয়সাল, রাসেল, জুনায়েদ, তুহিন, রুবেল, রনি, আলমগীর, নাজমুল, শিশির, নিলয় বিশ্বাস, হিমেল ও সজীব। মামলার ১ নম্বর আসামি আরশাদ জানান, ঘটনার দিন তিনি রাজশাহীতেই ছিলেন না। ঢাকায় অবস্থান করছিলেন। অন্যদিকে মামলার বাদী তমালও ওইদিন ক্যাম্পাসে ছিল না।

এর আগে ছাত্রলীগ কর্মী আল আমীন ও রাসেল বাদী হয়ে শুক্রবার রাতে ছাত্রদলের ১৮ কর্মী-ক্যাডারকে আসামি করে মামলা দুটি দায়ের করে।